

# ১৮ জুলাই বরিশালে অনুষ্ঠিত হবে অ্যাস্ট্রো-অলিম্পিয়াড

স্টাফ রিপোর্টার, বরিশাল

প্রকাশিত: ১৭:১৪, ১২ জুলাই ২০২৫



ছবি: সংগৃহীত

আগামী ১৮ জুলাই বরিশালে অনুষ্ঠিত হবে ‘অ্যাস্ট্রো-অলিম্পিয়াড’। অ্যাস্ট্রোনমি বিষয়ক (জ্যোতির্বিদ্যা, মহাকাশ এবং মহাকাশে অবস্থিত বস্তু ও ঘটনাবলীর বিজ্ঞানসম্বত্ত অধ্যয়ন) মেধা ঘাচাইয়ে লক্ষ্য নিয়ে জাহানারা ইসরাইল স্কুল এন্ড কলেজে এই অলিম্পিয়াডের আয়োজন করছে বাংলাদেশ অ্যাস্ট্রোনমিক্যাল অ্যাসোসিয়েশন।

স্থানীয়ভাবে বরিশাল প্রকৃতি ও জীবন ক্লাব এবং রিপোর্ট একাত্তর ডটকম এ আয়োজনের সাথে থাকবে। আজ শনিবার (১২ জুলাই) দুপুরে জাহানারা ইসরাইল স্কুল এন্ড কলেজের হল রুমে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানিয়েছেন বরিশাল প্রকৃতি ও জীবন ক্লাবের সভাপতি অধ্যাপক মফিজুর রহমান।

তিনি বলেন, বাছাই করা প্রথম পাঁচজন বাংলাদেশের প্রতিনিধিত্ব করবে আগামী সেপ্টেম্বরে রাশিয়াতে অনুষ্ঠিত ওপেন ওয়ার্ল্ড অ্যাস্ট্রোনমি অলিম্পিয়াডে। এবার অনুষ্ঠিত হতে যাচ্ছে অ্যাস্ট্রোনমি অলিম্পিয়াডের ২০তম আসর।

তিনি আরও বলেন, ১৪ থেকে ১৮ বছর বয়সের স্কুল এবং কলেজের শিক্ষার্থীদের জন্য আয়োজিত এবারের এপেক্ষা অ্যাস্ট্রো-অলিম্পিয়াডে বরিশালসহ বিভাগীয় শহর ও জেলা শহরগুলোতে প্রথম রাউন্ড থেকে বাছাইকৃত তিনশ' ছাত্র-ছাত্রীদের নিয়ে দ্বিতীয় রাউন্ড বা জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

×

সর্বশেষ তৃতীয় রাউন্ড বা ক্লোজড ক্যাম্পে লিখিত পরীক্ষা থেকে প্রথম পাঁচজন প্রতিযোগীকে বাছাই করা হবে। যারা অংশগ্রহণ করবে আগামী ২০ থেকে ২৭ সেপ্টেম্বর পর্যন্ত রাশিয়াতে হতে যাওয়া ওপেন ওয়ার্ল্ড অ্যাস্ট্রোনমি অলিম্পিয়াডে।

এছাড়া ২৯তম আন্তর্জাতিক অ্যাস্ট্রোনমি অলিম্পিয়াড ও এশিয়ান-প্যাসিফিক অ্যাস্ট্রোনমি অলিম্পিয়াডের আসরেও তারা বাংলাদেশের প্রতিনিধিত্ব করার সুযোগ পাবে।

সংবাদ সম্মেলনে অ্যাস্ট্রো-অলিম্পিয়াড আঞ্চলিক পর্বের সমন্বয়ক সাইট পান্ত এবং বরিশাল প্রকৃতি ও জীবন ক্লাবের সাধারণ সম্পাদক এলবাট রিপন বল্লভ বলেন, জুনিয়র গ্রুপে ১৪ থেকে ১৫ বছর বয়সের স্কুল-কলেজ পর্যায়ের শিক্ষার্থী, যাদের জন্ম ২০১০-২০১১ সালের মধ্যে।

সিনিয়র গ্রন্তপে ১৬ থেকে ১৮ বছর বয়সের স্কুল-কলেজ পর্যয়ের শিক্ষার্থী যাদের জন্ম  
২০০৭-২০০৯ সালের মধ্যে। প্রাথমিক বাচাই বা প্রথম রাউন্ড পরীক্ষা ১১ থেকে ২১  
জুলাই অনুষ্ঠিত হবে।

সংবাদ সম্মেলনে জাহানারা ইসরাইল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ সত্যজিৎ রায়সহ  
বরিশাল প্রকৃতি ও জীবন ক্লাবের সদস্য এবং রিপোর্ট একান্তর ডটকমের সদস্যরা  
উপস্থিত ছিলেন।

---